

## ঢাকা ওয়াসা

বিষয়ঃ Mass Cleaning of Trunk Sewer line from Armanitola SLS to Azimpur SLS with related sump well, inlet and delivery chamber by daily basis labour under PSTP Division.

- ৩। ২০২৪-২৫ ইং অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। নং-৪৬.১১৩.৪২৯.০০.০০০.২০২১-১৬২, তারিখঃ ২৮/১০/২০২১ইং সভার কার্যবিবরণী।
- ৩। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ের কপি।
- ৪। বর্ণিত এলাকার মেইন ট্রাংক সুয়ার লাইনের নকশা।
- ৫। মাস ক্রিনিং কাজের জন্য গঠিত কমিটির সুপারিশকৃত দরের কপি।
- ৬। পিপিআর-২০০৮, ফোর্স একাউন্ট কপি।
- ৭। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।
- ৮। প্রস্তাবিত কাজের প্রতিবেদন।

### অনুচ্ছেদ ১:

ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্রিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে নেটওয়ার্কের মাধ্যমে সুয়ার পয়ঃ শোধনাগারের ইনলেট চেষ্টারে জমা হয়। ঢাকা ওয়াসায় বিদ্যমান পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা ও পয়ঃ নেটওয়ার্ক বিষয়ে এক সমন্বয় সভা গত ২৮/১০/২০২১ইং তারিখ ডাইরেক্টর (টেকনিক্যাল) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় (সংযুক্তি-৩)। উক্ত সভায় সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন ব্যবস্থাপনা নিশ্চিতের লক্ষ্যে প্রতিটি SLS হতে পরবর্তী SLS পর্যন্ত ট্রাংক সুয়ার লাইনগুলি পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ কর্তৃক ক্রিনিং করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ছাড়াও উল্লেখ্য, মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০/২০১১ এ প্রধান পয়ঃ লাইন সমূহ পরিষ্কার ও সংস্কার পূর্বক পয়ঃ প্রবাহ বৃদ্ধি করার কথা নির্দেশনা-৬ এ রয়েছে। এরই ধারাবাহিকতায় উদ্ধর্তন কর্তৃপক্ষের নির্দেশনার প্রেক্ষিতে দৈনিক মজুরী ভিত্তিতে শ্রমিক নিয়োজিত করে ট্রাংক সুয়ার লাইন ও চেষ্টার পরিষ্কার করণের কাজ চলমান রয়েছে। বর্তমানে আরমানীটোলা SLS হতে আজিমপুর SLS পর্যন্ত ট্রাংক সুয়ার লাইন ক্রিনিং করা প্রয়োজন।

### অনুচ্ছেদ ২:

সেই লক্ষ্যে, বর্তমানে বিষয়ে বর্ণিত এলাকায় মাস ক্রিনিং কাজ করার জন্য ৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটশি হাজার টাকা) মাত্র এর একটি প্রাক্কলন (৪ জন X ৩ গ্রুপ X ২০ দিন=২৪০ জন X ১২০০/- সর্বমোট=২,৮৮,০০০/- দুই লক্ষ আটশি হাজার টাকা মাত্র) প্রস্তুত করা হল। উক্ত আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার “Sewer line maintenance” খাতের সিরিয়াল নং-50 প্যাকেজ নং

E-5 (ফোর্স একাউন্ট) হতে বহন করা হবে এবং উক্ত কাজের জন্য ডি-ওয়াটারিং মেশিন বিভাগীয় ভাবে সরবরাহ করা হবে। উত্তোলিত স্লাজ ভ্যানের সাহায্যে একত্রিত করে ট্রাকের মাধ্যমে সরানো হবে। স্লাজ সরানো, সাবল, কোদাল, বস্তা, তার, সুতলী এবং বরাক বাঁশ দিয়ে তৈরী বাথারী অন্য ফাইল দ্বারা সমন্বয় করা হবে। কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য Task Force টিমের মাধ্যমে মনিটরিং করা হবে। জনস্বার্থে কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন।

### অনুচ্ছেদ ৩:

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Mass Cleaning of Trunk Sewer line from Armanitola SLS to Azimpur SLS with related sump well, inlet and delivery chamber by daily basis labour under PSTP Division..” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

ক) কাজটি পিপিআর-২০০৮ এর ৮২(১) বিধি অনুসারে Force Account এর মাধ্যমে অত্র বিভাগের অনুকূলে মজুরীর বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োজিত করে সম্পাদনের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৳২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাত্তিশ হাজার টাকা) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “Sewer Line Maintenance” খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

পরীচালক

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

মোঃ নূর হোসেন  
উপ-সহকারী প্রকৌশলী  
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ  
ঢাকা ওয়াসা।  
তারিখ: ০৫/০২/২৫

মোঃ সাইফুল ইসলাম  
উপ-বিভাগীয় প্রকৌশলী  
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ  
ঢাকা ওয়াসা।  
তারিখ: ০৫/০২/২৫

মোঃ রাহাত শিকদার  
নির্বাহী প্রকৌশলী  
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ  
ঢাকা ওয়াসা।  
তারিখ: ০৫/০২/২৫

(মির্জা গোলাম কিবরিয়া)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল  
ঢাকা ওয়াসা।  
তারিখ: ০৫/০২/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী  
প্রধান প্রকৌশলী  
ঢাকা ওয়াসা।  
তারিখ: ০৫/০২/২৫

তারিখ: ০৫/০২/২৫

৪/ অমু-৩ ২০ ৮৮৮৮০০  
অমু(২০২৪) ৫৩৫ ৮৮০. ৮৮০।

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)  
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা।  
তারিখ: ০৫/০২/২৫

মোঃ ফজলুর রহমান  
ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।  
তারিখ: ০৫/০২/২৫

তারিখ: ০৫/০২/২৫